গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ

খাগড়াছড়ি পার্বত্য জেলা।

নং ২৯.২৩৬.০১৬.৩৩.৬৬.০০১.২০২০- ২৯০০ তারিখ: ২৭/১২/২০২০

বিষয়ঃ খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদের ২০২০-২১ অর্থ বছরের উদ্ভাবনী উদ্যোগ/ধারণাসমূহের বিস্তারিত বিবরণ প্রেরণ।

সূত্র ঃ পাচবিম, ঢাকা, ২৯.০০.০০০০.২১৮.০৫.০০১.১৯-৪৬৮ তারিখঃ ১৫/১২/২০২০ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদের ২০২০-২১ অর্থ বছরের উদ্ভাবনী উদ্যোগ/ধারণাসমূহের বিস্তারিত বিবরণ প্রেরিত ছক মোতাবেক সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে এতদসংগে প্রেরণ করা হল ।

সংযুক্তি :

১। উদ্ভাবনী উদ্যোগ/ধারণাসমূহের বিস্তারিত বিবরণ ।

২৭/১২/২০

(টিটন খীসা)
নির্বাহী কর্মকর্তা
পার্বত্য জেলা পরিষদ
খাগড়াছড়ি ।
ফোনঃ ০৩৭১-৬১৯৩৬
ই-মেইলঃ eokhdc@gmail.com

সচিব
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রনালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।

(দৃষ্টি আর্কষণঃ জনাব তাসনিম জেবিন বিনতে শেখ, সিনিয়র সহকারী সচিব, বাজেট/প্রশাসন-২ শাখা।)

মন্ত্রনালয়ের নাম : পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় ।

সংস্থা: পার্বত্য জেলা পরিষদ, খাগড়াছড়ি ।

**১। উদ্ভাবনের শিরোনাম :** KHDC Law Book মোবাইল এ্যাপস ।

**২। কীভাবে যাত্রা শুরু/পটভূমি:**

পার্বত্য জেলা সম্পর্কিত আইন-কানুন সহজে কোথাও পাওয়া যায় না। ফলে সাধারণ জনগণকে আঞ্চলিক পরিষদ, জেলা পরিষদ, উপজেলা পরিষদ, ইউনিয়ন পরিষদ ও পৌরসভার আইন/বিধি/প্রবিধি/নীতিমালা জানতে বা পেতে নানাবিধ সমস্যার সম্মুখীন হতে হয়। এ সমস্যা থেকে উত্তরণের জন্য পরিষদের ইনোভেশন টিম একাধিক বার সভা করে । সভায় আইন/বিধি/প্রবিধি/নীতিমালার উপর একটি মোবাইল এ্যাপস তৈরির সিদ্ধান্ত গ্রহণ করা হয়। যেটির মাধ্যমে সাধারণ জনগণ তাদের মোবাইলের মাধ্যমে তিন পার্বত্য জেলা পরিষদ, আঞ্চলিক পরিষদ, উপজেলা পরিষদ, ইউনিয়ন পরিষদ ও পৌরসভার আইন/বিধি/প্রবিধি/নীতিমালা সম্পর্কে জানতে পারবে এবং ডাউনলোড করতে পারবে । সভার সিদ্ধান্ত অনুযায়ী মোবাইল এ্যাপস নির্মাতার সাথে যোগাযোগ করা হয় এবং এ্যাপসটি নির্মাণ কাজ শুরু করা হয়। এ্যাপসটি বাস্তবায়নের জন্য আইন/বিধি/প্রবিধি/নীতিমালা সংগ্রহ করা এবং ডিজিটাল ফর্মেটে নিয়ে আসা সময় সাপেক্ষের ব্যাপার হয়ে দাড়াঁয়। এই চ্যালেঞ্জ মোকাবেলা করার জন্য আঞ্চলিক পরিষদ, উপজেলা পরিষদ, ইউনিয়ন পরিষদ ও পৌরসভার সাথে যোগাযোগ করা হয় এবং আইন/বিধি/প্রবিধি/নীতিমালাসমূহ সংগ্রহ ও ডিজিটাল স্ক্যানারের মাধ্যমে ডিজিটাল ফর্মেটে রূপান্তর করা হয়। উদ্ভাবনটি টেকসইকরণের জন্য সেবা সহজীকরণ অফিস আদেশ জারি করা হয় এবং ইনোভেশন টিম কর্তৃক উদ্ভাবনটির কার্যক্রম সবসময় তদারকি করা হচ্ছে । তাছাড়া, এ পরিষদের চেয়ারম্যান মহোদয়ের সার্বিক সহযোগিতা করার কারণে উদ্ভাবনটি বাস্তবায়ন দ্রুত সম্পন্ন করা সম্ভব হয়েছে ।

**৩। পরিবর্তনের শুরুর কথা অথবা এই উদ্যোগ কী কী কল্যাণ বয়ে এনেছে :**

এ উদ্ভাবনটি বাস্তবায়নের কারণে তিন পার্বত্য জেলার (খাগড়াছড়ি, রাঙ্গামাটি ও বান্দরবান) জনগণ ঘরে বসেই খুব সহজেই জেলা পরিষদ, আঞ্চলিক পরিষদ, উপজেলা পরিষদ, ইউনিয়ন পরিষদ ও পৌরসভার আইন/বিধি/প্রবিধি/নীতিমালা সম্পর্কে জানতে পারছে ও ডাউনলোড করতে পারছে । আগে এ সমস্ত আইন বা বিধি-বিধান সংগ্রহ করা ছিল খুবই কষ্টের, এক কথায় দুঃসাধ্যের ব্যাপার। অনেক সময় অর্থের বিনিময়েও এসব সংগ্রহ করা কঠিন ছিল। বর্তমানে এ এ্যাপসটি উদ্ভাবনের ফলে কঠিন কাজটি সহজ হয়েছে মানুষের কাছে।

**৪। উপকারভোগী বা অংশীজনের প্রতিক্রিয়া/অনুভূতি:**

খাগড়াছড়ি সদর উপজেলার ৪নং গোলাবাড়ি ইউনিয়নের মো: আবুল হোসেন জানান, এ্যাপসটি ব্যবহার করে পার্বত্য জেলা সম্পর্কিত আইন-কানুন ও বিধি-বিধান সহজেই ডাউনলোড করে উপকার পাওয়া যাচ্ছে।


পানছড়ি সদর উপজেলার বাসিন্দা কৃতি চাকমা বলেন, " এতদিন আইন/বিধি/প্রবিধি/নীতিমালা সম্পর্কে জানার জন্য দিনের পর দিন বিভিন্ন মানুষের সাথে যোগাযোগ করতে হয়েছে এবং চরম ভোগান্তিতে পড়তে হয়েছে। এখন বাড়িতে বসে ঐ তথ্যগুলো যে পাবো তা কল্পনা করতে পারিনি ।"

৫। টিসিভি/গ্রাফ/ইনফোগ্রাফিকস/ছবি/ভিডিও

টিসিভি বিশ্লেষণ:

| | সময় | খরচ | যাতায়ত |
|---|---|---|---|
| আইডিয়া বাস্তবায়নের আগে | ৩দিন | ৩০০০ টাকা | ৩বার |
| আইডিয়া বাস্তবায়নের পরে | ১দিন | ০ টাকা | ০ বার |
| আইডিয়া বাস্তবায়নের ফলে সেবা গ্রহীতাদের প্রত্যাশিত লাভ | ২দিন | ৩০০০ টাকা | ৩বার |

উদ্ভাবনের ছবি :




উদ্ভাবনটির লিংক:
https://play.google.com/store/apps/details?id=com.sr.khdc_law_book&hl=en

## ৬। উদ্ভাবন ও বাস্তবায়ন টিম

| সদস্য/সদস্যদের নাম ও ঠিকানা | ছবি |
|---|---|
| জনাব মো: নূরুজ্জামান, মুখ্য নির্বাহী কর্মকর্তা, পার্বত্য জেলা পরিষদ, খাগড়াছড়ি। |  |
| জনাব টিটন খীসা, নির্বাহী কর্মকর্তা,পার্বত্য জেলা পরিষদ, খাগড়াছড়ি। |  |
| জনাব মো: বদিউল আলম, হিসাব ও নিরীক্ষা কর্মকর্তা, পার্বত্য জেলা পরিষদ, খাগড়াছড়ি। |  |
| জনাব প্রভাঙ্কর দেওয়ান, আইটি কর্মকর্তা,পার্বত্য জেলা পরিষদ, খাগড়াছড়ি। |  |

**মন্ত্রনালয়ের নাম :** পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রনালয় ।

**সংস্থা:** পার্বত্য জেলা পরিষদ, খাগড়াছড়ি ।

**১। উদ্ভাবনের শিরোনাম :** KHDC Complaint Box মোবাইল এ্যাপস

**২। কীভাবে যাত্রা শুরু/পটভূমি:**

খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ ও পরিষদে হস্তান্তরিত বিভাগের কার্যক্রম সম্পর্কে অভিযোগ দাখিলের জন্য এ জেলার সাধারণ জনগণকে দূরদূরান্ত থেকে আসতে হয় । তাছাড়া, সংস্থার/বিভাগ/শাখা প্রধান বরাবর সরাসরি অভিযোগ দাখিলের সুযোগ না থাকায়, অভিযোগকারীর অভিযোগ গ্রহণ ও সমাধান প্রক্রিয়া দীর্ঘায়িত হয়। ফলে, অভিযোগকারীর মূল্যবান সময় ও অর্থের অপচয় হচ্ছে। এ সমস্ত সমস্যা সমাধানের জন্য ইনোভেশন টিম খুব সহজেই সংস্থার/বিভাগ/শাখা প্রধান বরাবর অভিযোগ দাখিলের জন্য মোবাইল এ্যাপস তৈরি করার সিদ্ধান্ত গ্রহণ করে । সভার সিদ্ধান্ত অনুযায়ী সফটওয়্যার নির্মাতার মাধ্যমে KHDC Complaint Box নামক মোবাইল এ্যাপস তৈরি করা হয় । এ্যাপসটি বাস্তবায়নের ক্ষেত্রে বিটিআরসি নতুন নিয়মাবলী অনুযায়ী মোবাইলে এস এম এস-এর মাধ্যমে নোটিফিকেশন ও One Time Password (OTP) প্রাপ্তির জন্য বিভিন্ন ধাপ পার হতে হয় । উদ্ভাবনটি টেকসইকরণের জন্য সেবা সহজীকরণ অফিস আদেশ জারি করা হয় এবং ইনোভেশন টিম কর্তৃক উদ্ভাবনটির কার্যক্রম সবসময় তদারকি করা হচ্ছে ।

**৩। পরিবর্তনের শুরুর কথা অথবা এই উদ্যোগ কী কী কল্যাণ বয়ে এনেছে :**

এ মোবাইল এ্যাপসটি বাস্তবায়নের কারণে খাগড়াছড়ি জেলার জনগণকে অভিযোগ দাখিলের জন্য অফিসে না এসে যে কোন প্রান্ত থেকে মোবাইলের মাধ্যমে খুব সহজেই খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ ও হস্তান্তরিত বিভাগের কর্মকর্তা ও কর্মচারীদের কার্যক্রম সম্পর্কে সরাসরি তাদের অভিযোগ দাখিল করতে পারছে । যেখানে অভিযোগ দাখিলে জন্য অভিযোগকরীর একদিন লাগতো এবং যাওয়া-আসা কমপক্ষে ১০০০/- টাকা খরচ হতো। এখন তাদের অভিযোগটি স-শরীরে না এসে, মোবাইলের মাধ্যমে সরাসরি সংস্থার/বিভাগ/শাখা প্রধান বরাবর দাখিল হওয়ার কারণে অভিযোগের বিষয়টি দ্রুত নিস্পত্তি হচ্ছে এবং তাদের সময় ও অর্থ আর অপচয় হচ্ছে না । এ উদ্ভাবনটির মাধ্যমে ভবিষ্যৎতে জনগণের ভোগান্তি কমবে, কাজের স্বচ্ছতা ও জবাবদিহিতা চলে আসবে ।

**৪। উপকারভোগী বা অংশীজনের প্রতিক্রিয়া/অনুভূতি:**

এ এ্যাপসটির সম্পর্কে প্রতিক্রিয়া জানার জন্য খাগড়াছড়ি জেলা পরিষদে আসা কয়েক জন উপকারভোগীর সাথে কথা হয় । খাগড়াছড়ি জেলার দীঘিনালা সদর উপজেলার বাসিন্দা অরবিন্দু চাকমা বলেন “এ এ্যাপসটির কারণে আমরা ঘরে বসেই বিভিন্ন সরকারী সংস্থার কর্মকর্তা ও কর্মচারীদের বিষয়ে সরাসরির সংস্থা/বিভাগ প্রধানের কাছে অভিযোগ দিতে পারছি । যা কিনা আগের পদ্ধতিতে অভিযোগ দাখিল করা সময় ও অর্থের সাথে সংশ্লিষ্ট ছিল । তা, এখন আর নেই ।


খাগড়াছড়ি সদর উপজেলার অংপ্রু মারমার সাথে কথা হয় । তিনি বললেন, এ উদ্যোগটির কারণে খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ ও হস্তান্তরিত বিভাগের কর্মকর্তা ও কর্মচারীদের কাজের স্বচ্ছতা চলে আসবে এবং দুর্নীতি কমে আসবে। আমাদেরকে আর সেবা পেতে ভোগান্তিতে পরতে হবে না ।

৫। টিসিভি/গ্রাফ/ইনফোগ্রাফিকস/ছবি/ভিডিও

**টিসিভি বিশ্লেষণ:**

| | সময় | খরচ | যাতায়ত |
|---|---|---|---|
| আইডিয়া বাস্তবায়নের আগে | ১দিন | ১০০০ টাকা | ১বার |
| আইডিয়া বাস্তবায়নের পরে | ০দিন | ০ টাকা | ০ বার |
| আইডিয়া বাস্তবায়নের ফলে সেবা গ্রহীতাদের প্রত্যাশিত লাভ | ১দিন | ১০০০ টাকা | ১বার |

**উদ্ভাবনের ছবি :**




উদ্ভাবনটির লিংক:

https://play.google.com/store/apps/details?id=com.sr.khdc_complain&hl=en%E2%89%B7=US

**৬। উদ্ভাবন ও বাস্তবায়ন টিম**

| সদস্য/সদস্যদের নাম ও ঠিকানা | ছবি |
|---|---|
| জনাব মো: নূরুজ্জামান, মুখ্য নির্বাহী কর্মকর্তা, পার্বত্য জেলা পরিষদ, খাগড়াছড়ি । |  |
| জনাব টিটন খীসা, নির্বাহী কর্মকর্তা,পার্বত্য জেলা পরিষদ, খাগড়াছড়ি । |  |
| জনাব মো: বদিউল আলম, হিসাব ও নিরীক্ষা কর্মকর্তা, পার্বত্য জেলা পরিষদ, খাগড়াছড়ি । |  |
| জনাব প্রভাঙ্কর দেওয়ান, আইটি কর্মকর্তা,পার্বত্য জেলা পরিষদ, খাগড়াছড়ি । |  |

**মন্ত্রনালয়ের নাম :** পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রনালয় ।

সংস্থা: পার্বত্য জেলা পরিষদ, খাগড়াছড়ি ।

**১। উদ্ভাবনের শিরোনাম :** Online Bangabandhu Scholarship ।

**২। কীভাবে যাত্রা শুরু/পটভূমি:**

সনাতন পদ্ধতিতে বৃত্তি কার্যক্রম পরিচালনা করার কারণে খাগড়াছড়ি জেলার মেধাবী ছাত্র-ছাত্রীদেরকে দূর-দূরান্ত থেকে এসে স-শরীরে খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ কার্যালয়ে গিয়ে আবেদন করতে হয় । আবেদনকারীকে সত্যায়িত বিভিন্ন কাগজ পত্র (ছবি, নাগরিত্ব সনদ, শিক্ষাগত সনদ, বাৎসরিক আয়ের সনদপত্র ইত্যাদি। ) সংগ্রহ ও আবেদন পত্রের সাথে জমা দিতে হয় । ফলে, তাদের সময় ও অর্থের ব্যয় হচ্ছে এবং ভোগান্তিতে পরতে হচ্ছে । তাছাড়া, বৃত্তির প্রশাসনিক কার্যক্রম, যাচাই-বাছাই ও ফলাফল প্রকাশ সম্পন্ন করতে প্রায় তিন মাস সময়ের প্রয়োজন হয় । এ সমস্ত বিদ্যমান সমস্যাসমূহ দূরীকরণের জন্য ইনোভেশন টিম কর্তৃক জাতির পিতা বঙ্গবন্ধু জন্মশত বার্ষিকী উপলক্ষ্যে সনাতন পদ্ধতিতে বৃত্তি কার্যক্রম ডিজিটাল পদ্ধতিতে রুপান্তর করা সিদ্ধান্ত নেয়া হয় । তাই, ডিজিটাল পদ্ধতিতে রুপান্তরের জন্য সফটওয়্যার নিমার্তার সাথে সভা করা হয় এবং Bangabandhu Scholarship অনলাইন সফটওয়্যারটি নির্মাণ করা হয়। এ ইনোভেশন প্রকল্পটি টেকসইকরণের জন্য ইনোভেশন টিম কর্তৃক প্রকল্পটি কার্যক্রম মনিটরিং করা হচ্ছে । সবাই যাতে এই ডিজিটাল পদ্ধতি সম্পর্কে অবগত হয়, সে জন্য সেবা সহজীকরণ অফিস আদেশ জারি, সোস্যাল মিডিয়া ও অফিসিয়াল ওয়েবসাইটে প্রকাশ করা হয় ।

**৩। পরিবর্তনের শুরুর কথা অথবা এই উদ্যোগ কী কী কল্যাণ বয়ে এনেছে :**

এ উদ্ভাবনটি বাস্তবায়নের কারণে খাগড়াছড়ি জেলার মেধাবী ছাত্র-ছাত্রীকে পরিষদে না এসে যে কোন জায়গা থেকে তাদের প্রয়োজনীয় কাগজপত্র স্ক্যানপূর্বক অনলাইনে আবেদন করতে পারবে । এতে আবেদনকারী সময় ও অর্থ ব্যয় ছাড়া নির্দিষ্ট সময়ে আবেদন করতে পারবে এবং আবেদকারীকে বৃত্তির টাকা সংগ্রহের জন্য (যদি ব্যাংক একাউন্ট না থাকে) একবার যেতে হবে। অন্যদিকে, ডিজিটাল পদ্ধতিতে রুপান্তরের কারণে ১.৫ মাসের মধ্যে প্রশাসনিক কার্যক্রম, যাচাই-বাছাই ও ফলাফল প্রকাশ করা যাচ্ছে । আগে যেখানে কার্যক্রম সম্পন্ন করতে তিন মাস লেগে যেত। সনাতন থেকে ডিজিটাল পদ্ধতি ভবিষ্যৎতে কাজের গতি বাড়াবে, স্বচ্ছতা ও জবাবদিহিতা বয়ে নিয়ে আসবে ।

**৪। উপকারভোগী বা অংশীজনের প্রতিক্রিয়া/অনুভূতি:**


খাগড়াছড়ি সদর উপজেলার পানখাইয়া পাড়া এলাকার বিশ্ববিদ্যালয় ছাত্রী মিউছিং মারমা বলেন, বৃত্তির আবেদন প্রক্রিয়া অনলাইনে হওয়ার কারণে আমাদের অনেক সুবিধা হয়েছে । আমরা যে কোন যায়গা থেকে এখন আবেদন করতে পারছি । আমাদেরকে আর ঢাকা থেকে এসে আবেদন পত্র জমা দেওয়ার জন্য খাগড়াছড়ি জেলা পরিষদে যেতে হচ্ছে না । এ উদ্যোগের ফলে আমরা আবেদন পত্র জমা দেওয়ার সময়টুকু অন্য জায়গায় কাজে লাগাতে পারছি ।

৫। টিসিভি/গ্রাফ/ইনফোগ্রাফিকস/ছবি/ভিডিও

টিসিভি বিশ্লেষণ:

| | সময় | খরচ | যাতায়ত |
|---|---|---|---|
| আইডিয়া বাস্তবায়নের আগে | ৩মাস | ৩০০০ টাকা | ২বার |
| আইডিয়া বাস্তবায়নের পরে | ১.৫ মাস | ১০০০ টাকা | ১ বার |
| আইডিয়া বাস্তবায়নের ফলে সেবা গ্রহীতাদের প্রত্যাশিত লাভ | ১.৫ মাস | ২০০০ টাকা | ১ বার |

উদ্ভাবনের ছবি :




উদ্ভাবনটির লিংক: http://khdc.gov.bd/bangabandhu/

৬। উদ্ভাবন ও বাস্তবায়ন টিম

| সদস্য/সদস্যদের নাম ও ঠিকানা | ছবি |
|---|---|
| জনাব মো: নূরুজ্জামান, মুখ্য নির্বাহী কর্মকর্তা, পার্বত্য জেলা পরিষদ, খাগড়াছড়ি । |  |
| জনাব টিটন খীসা, নির্বাহী কর্মকর্তা,পার্বত্য জেলা পরিষদ, খাগড়াছড়ি । |  |
| জনাব মো: বদিউল আলম, হিসাব ও নিরীক্ষা কর্মকর্তা, পার্বত্য জেলা পরিষদ, খাগড়াছড়ি । |  |
| জনাব প্রভাঙ্কর দেওয়ান, আইটি কর্মকর্তা,পার্বত্য জেলা পরিষদ, খাগড়াছড়ি । |  |

29/12/20
নির্বাহী কর্মকর্তা
পার্বত্য জেলা পরিষদ
খাগড়াছড়ি।